একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০২২.৩৮.০০৫.২৬.**১৭০**

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা
প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা

বিষয়ঃ হজ প্রশাসনিক সহায়তাকারী দল-২০২৬ এর সৌদি আরবে কর্মস্থল নির্ধারণ (৩য় ব্যাচ)।

সূত্র: (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-৩ শাখার স্মারক নং ১৬.০০.০০০০.০২২.৩৮.০০৫.২৬.১৩৫; তারিখ: ২৭.০৩.২০২৬ খ্রি.
(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-৩ শাখার স্মারক নং ১৬.০০.০০০০.০২২.৩৮.০০৫.২৬.১৫৫; তারিখ: ০৯.০৪.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের গঠিত 'হজ প্রশাসনিক সহায়তাকারী দল ২০২৬' এর সদস্যগণ হজযাত্রীদের সেবার সার্বিক দায়িত্ব পালনের নিমিত্ত ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে ৩য় ব্যাচ (১৮ মে ২০২৬ থেকে ৩০ জুন ২০২৬) এর সদস্যগণের নিম্নোক্ত ছক অনুযায়ী কর্মস্থল নির্ধারণ করা হলো:

ক্র.নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, ঠিকানা, পদবী ও বাংলাদেশে কর্মস্থল	কর্মস্থল
	৩য় ব্যাচ (মক্কা ১১ জন)	
১.	জনাব মুহাম্মদ মাহে আলম, প্রশাসনিক কর্মকর্তা, আইন শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
২.	জনাব ফাগুন আরা টুকু, প্রশাসনিক কর্মকর্তা, অডিট শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৩.	জনাব তানিয়া আক্তার, ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৪.	জনাব এস.এম. জাহাংগীর হোসাইন, ইমাম, হজ অফিস, ঢাকা	মক্কা
৫.	জনাব মো: আব্দুল হাকিম, গানম্যান, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৬.	জনাব দ্বীন মোহাম্মদ, ক্যাশিয়ার, হজ অফিস, ঢাকা	মক্কা
৭.	জনাব তানিয়া আক্তার, অফিস সহায়ক, প্রশাসন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৮.	জনাব সারোয়ার মাহমুদ, অফিস সহায়ক, হজ অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৯.	জনাব মোঃ আরমান, অফিস সহায়ক, মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
১০.	জনাব মো: আবুল কাশেম, গানম্যান, মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
১১.	জনাব মনিরুল ইসলাম, অফিস সহায়ক, অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
	মদিনা (৮ জন)	
১২.	জনাব মোহাম্মদ আজিজুল হক, প্রশাসনিক কর্মকর্তা, অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	**মক্কা+মদিনা**
১৩.	জনাব আহম্মদ মোস্তফা মোল্লা, প্রধান সহকারী, হজ অফিস, আশকোনা, ঢাকা	মদিনা
১৪.	জনাব মো: আলমগীর হোসেন, গাড়ী চালক, মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
১৫.	জনাব আক্তারুজ্জামান সরকার, গাড়ী চালক, মন্ত্রীর দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
১৬.	জনাব মো: ছাইদুল ইসলাম-১, গাড়ী চালক, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
১৭.	জনাব মো: মাসুদুর রহমান, গাড়ী চালক, ইফা, প্রেষণে হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
১৮.	জনাব সম্রাট, অফিস সহায়ক, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
১৯.	জনাব শারমিন সুলতানা, অফিস সহায়ক, বাজেট শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
	জেদ্দা (৩জন)	
২০.	জনাব মো: শামীম হোসেন, সাঁট মুদ্রা. কাম. কম্পি. অপারেটর, হজ-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	জেদ্দা
২১.	জনাব মো: সালাহ উদ্দিন, গাড়ী চালক, হজ অফিস, ঢাকা	জেদ্দা
২২.	জনাব মাসুম বিল্লাল, অফিস সহায়ক, সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	জেদ্দা

এখানে উল্লেখ্য যে, ছকে বর্ণিত ক্রমিক ০৬, ০৮, ১১, ১২ ও ২১ এ উল্লিখিত সদস্যগণ আগামী ২১ মে ২০২৬ তারিখ সৌদি আরব গমন এবং দায়িত্ব পালন শেষে ০১ জুলাই ২০২৬ তারিখ দেশে প্রত্যাগমন করবেন।

শর্তাবলী:

১. হজ প্রশাসনিক সহায়তাকারী টিমের সদস্যদের দায়িত্ব হবে হজযাত্রীদের সার্বক্ষণিক সেবা প্রদান নিশ্চিত করা।
২. হজ টিমের সদস্যগণের দায়িত্ব এবং প্রশিক্ষণ নির্দেশিকা' অনুযায়ী অর্পিত দায়িত্ব যথাযথ পালন করতে হবে।
৩. টিমের সদস্যগণ বিমানের ইকোনোমি ক্লাসে সৌদি আরব গমন ও প্রত্যাগমন করবেন।
৪. কোন সদস্য তার দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্নীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না।
৫. ইহা সরকারি ভ্রমণ হিসেবে গণ্য হবে। সৌদি আরবে অবস্থানকালে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ কর্মস্থল হতে বেতন-ভাতাদি গ্রহণ করবেন।
৬. সৌদি আরবে অবস্থানকালে টিমের সদস্যদের অভ্যন্তরীণ ভ্রমণ ও খাওয়ার ব্যবস্থা নিজ দায়িত্বে করতে হবে।
৭. টিমের সদস্যদের যাবতীয় ভ্রমণ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটের "বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়" খাতের অর্থনৈতিক কোড নং-১৩৫০১০১-১২০০০১৭০১-৩২৪৪১০১ এ বরাদ্দকৃত "ভ্রমণ ব্যয়" বাবদ অর্থ হতে বহন করা হবে। ভ্রমণের পূর্বে অগ্রিম প্রদান করা হলে তা চূড়ান্ত বিল পরিশোধকালে সমন্বয় করা হবে।
৮. টিমের সদস্যগণ সৌদি আরবে প্রশাসনিক দলের দলনেতা/কাউন্সেলর (হজ)/মৌসুমি হজ অফিসার মক্কা, মদিনা ও জেদ্দার তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন।
৯. টিমের সদস্যদের শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সরকারি চাকুরি আইন, ২০১৮ প্রযোজ্য হবে। দায়িত্বে অবহেলা, শৃঙ্খলা ভঙ্গসহ অসদাচরণের কারণে উক্ত আইন অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবরে সুপারিশ করা হবে।
১০. সৌদি আরবে দায়িত্ব পালনে ত্রুটি/অবহেলা করা হলে প্রাপ্য দৈনিক ভাতা কর্তন করা হবে।
১১. টিমের সদস্যগণ জেদ্দা/মক্কা/মদিনায় কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত হোটেল/ বাড়িতে অবস্থান করবেন। এক্ষেত্রে প্রযোজ্য ভাড়া কর্তন করা হবে।
১২. টিমের সদস্যগণকে চূড়ান্ত বিল উত্তোলনের পূর্বে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব কর্তৃক অবস্থানকালীন প্রত্যয়নপত্র, সৌদি আরবে গমন ও প্রত্যাগমনের বিমান টিকেট/বোর্ডিং পাস এবং পাসপোর্টে ডিপারচার ও এ্যারাইভাল এর সীলযুক্ত পাতায় ফটোকপি ৪ সেট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় দাখিল করতে হবে।
১৩. টিমের সদস্যগণ নির্ধারিত সময়ের মধ্যে হজ অফিস আশকোনা, ঢাকায় বায়োমেট্রিক সম্পন্নপূর্বক এনরোলমেন্ট সার্টিফিকেট, মুল পাসপোর্ট, মুল পাসপোর্টের ইনফরমেশন পেজের, জাতীয় পরিচয়পত্রের ২ সেট ফটোকপি কপি, পাসপোর্ট সাইজের ছবি ২ কপি ও তথ্যাদি হজ অফিস, আশকোনা, ঢাকায় জমা দিতে হবে।
১৪. টিমের সদস্যগণ স্বাস্থ্য পরিক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন গ্রহণপূর্বক ই-হেলথ প্রোফাইল প্রস্তুত করবেন।
১৫. টিমের সদস্যগণ কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, সৌদি আরব বরাবর যোগদানপত্র দাখিল করবেন। বাংলাদেশে প্রত্যাবর্তনকালে কাউন্সেলর (হজ)-এর নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।
১৬. টিমের সদস্যগণ সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত আছেন মর্মে গণ্য হবেন। যে কোন সময় সদস্যগণ হজযাত্রীদের সেবা প্রদানে বাধ্য থাকবেন।
১৭. টিমের সদস্যগণ দায়িত্ব পালনকালে নির্ধারিত পোষাক/কোটি/এপ্রোন পরিধান করতে হবে।
১৮. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে সৌদি আরব গমন করতে হবে। নির্ধারিত সময়ে সৌদি আরবে গমনের লক্ষ্যে পাসপোর্ট ও অন্যান্য কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে সরকারি আদেশের তাঁর অংশ বাতিল বলে গণ্য হবে।
১৯. টিমের সদস্যগণকে সম্ভাব্য নির্ধারিত সময়ে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে (চূড়ান্ত তারিখ ও ভেন্যু এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে)।
২০. টিমের সদস্য হিসেবে সৌদি আরবে যতদিনই দায়িত্ব পালন করুন তিনি সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের ভাতা প্রাপ্য হবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

১১/০৫/২০২৬

মো: তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৮৯৯
morahajsection@gmail.com

নম্বর- ১৬.০০.০০০০.০২২.৩৮.০০৫.২৬.**১৭০**

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৬. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. যুগ্মসচিব, সচিবালয় নিরাপত্তা অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (হজ প্রশাসনিক সহায়তাকারী দলের সদস্যগণকে আগামী ..... ২০২৬ হতে.....২০২৬ পর্যন্ত সময়ে অত্র সরকারি আদেশের কপি প্রদর্শন সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
১০. ওয়াক্ফ প্রশাসক, ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা
১১. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
১২. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মহাব্যবস্থাপক (সেলস্), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., মতিঝিল, ঢাকা **(বর্ণিত সদস্যদের অনুকূলে নির্ধারিত তারিখে বিমান টিকিট সংরক্ষণের অনুরোধসহ)।**
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, জিরোপয়েন্ট শাখা, ঢাকা।
১৮. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা।
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, দর্শনার্থী, গেইট নং ১, ২ ও ৩ বাংলাদেশ সচিবালয়, ঢাকা (হজ প্রশাসনিক সহায়তাকারী দলের সদস্যগণকে আগামী ..... ২০২৬ হতে.....২০২৬ পর্যন্ত সময়ে অত্র সরকারি আদেশের কপি প্রদর্শন সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
২১. জনাব .....।
২২. অফিস কপি।

১৩/৪/২০২৬

মো: তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব